

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

সাভার, ঢাকা।

নং-৩৩.০৫.২৬৭২.২০৫.০৬.০০১.২০১৭-২৮৮০

তারিখঃ ৩/১২/১৭

১০/০৯/২০১৭খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকার ট্রাস্টি বোর্ড এর ৬ষ্ঠ সভার কার্যবিবরণী

সভাপতি	:	ড. তালুকদার নূরুন্নাহার মহাপরিচালক, বিএলআরআই ও আহবায়ক ট্রাস্টি বোর্ড
সভার তারিখ ও সময়	:	১০/০৯/২০১৭খ্রিঃ, সকাল ১১:০০ ঘটিকা
সভার স্থান	:	বিএলআরআই সম্মেলন কক্ষ

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই) এর সম্মেলন কক্ষে গত ১০/০৯/২০১৭খ্রিঃ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় বিএলআরআই এর মহাপরিচালক ড. তালুকদার নূরুন্নাহার এর সভাপতিত্বে ট্রাস্টি বোর্ড এর ৬ষ্ঠ সভা অনুষ্ঠিত হয়। সভায় নিম্নে বর্ণিত ট্রাস্টি বোর্ড এর সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

- ১। অতিরিক্ত পরিচালক (সাপোর্ট সার্ভিস), বিএলআরআই এবং সদস্য-সচিব ট্রাস্টি বোর্ড।
- ২। বিভাগীয় প্রধান, প্রাণী উৎপাদন গবেষণা বিভাগ, বিএলআরআই এবং সদস্য ট্রাস্টি বোর্ড।
- ৩। বিভাগীয় প্রধান, বায়োটেকনোলজি বিভাগ, বিএলআরআই এবং সদস্য ট্রাস্টি বোর্ড।
- ৪। বিভাগীয় প্রধান, ছাগল ও ভেড়া উৎপাদন গবেষণা বিভাগ, বিএলআরআই এবং সদস্য ট্রাস্টি বোর্ড।
- ৫। বিভাগীয় প্রধান, পোল্ট্রি উৎপাদন গবেষণা বিভাগ, বিএলআরআই এবং সদস্য ট্রাস্টি বোর্ড।
- ৬। বিভাগীয় প্রধান, প্রাণিস্বাস্থ্য গবেষণা বিভাগ, বিএলআরআই এবং সদস্য ট্রাস্টি বোর্ড।
- ৭। বিভাগীয় প্রধান, সিস্টেম রিসার্চ ডিভিশন, বিএলআরআই এবং সদস্য ট্রাস্টি বোর্ড।
- ৮। বিভাগীয় প্রধান, প্রশিক্ষণ, পরিকল্পনা ও প্রযুক্তি পরিষ্ণ বিভাগ, বিএলআরআই এবং সদস্য ট্রাস্টি বোর্ড।
- ৯। বিভাগীয় প্রধান, আর্থ-সামাজিক গবেষণা বিভাগ, বিএলআরআই এবং সদস্য ট্রাস্টি বোর্ড।
- ১০। আহবায়ক, সিপিএফ আপডেট কমিটি, বিএলআরআই এবং সদস্য ট্রাস্টি বোর্ড।
- ১১। হিসাব রক্ষণ কর্মকর্তা, বিএলআরআই এবং সদস্য ট্রাস্টি বোর্ড।

আলোচ্য সূচি নম্বর	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৩	৪	৫
ক.	অত্রাফিসের কর্মচারীদের সিপিএফ হালনাগাদ করণ।	অত্র অফিসের কর্মচারীদের সিপিএফ হালনাগাদকরণ বিষয়ে আলোচনা হয়। ২০১৬-১৭ অর্থ বছরের সিপিএফ হিসাব হালনাগাদ করা হয়েছে।	সকল কর্মকর্তা ও কর্মচারীদের ২০১৬-১৭ অর্থ বছরের হালনাগাদ সিপি ফাণ্ডের হিসাব বিবরণী প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	সদস্য- সচিব ট্রাস্টি বোর্ড/হিসাব রক্ষণ কর্মকর্তা
খ.	ড. খান শহীদুল হক, সিএসও (পিআরএল ভোগরত) মহাপরিচালক (চঃদাঃ) থাকাকালীন সময়ে অত্রাফিসের কর্মচারীগণের সিপিএফ এর অর্থ মেয়াদ পূর্তির পূর্বে উত্তোলন করায় মোট ৫,৯৯,৬১৪/= (পাঁচ লক্ষ নিরানব্বই হাজার ছয়শত চৌদ্দ) টাকা ক্ষতি সম্পর্কে।	ড. খান শহীদুল হক, সিএসও (পিআরএল ভোগরত) মহাপরিচালক (চঃদাঃ) থাকাকালীন সময়ে অত্রাফিসের কর্মচারীগণের সিপিএফ এর অর্থ দুইটি এফডিআর মেয়াদ পূর্তির পূর্বে উত্তোলন করায় মোট ৫,৯৯,৬১৪/= (পাঁচ লক্ষ নিরানব্বই হাজার ছয়শত চৌদ্দ) টাকা ক্ষতি সম্পর্কে আলোচনা হয়। বিএল আরআই এর সিপি ফাণ্ডের মোট ৮০,০০,০০০.০০ টাকা (আশি লক্ষ মাত্র) অর্থ মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক, সাভার শাখায় ২৫-০১-২০০৯খ্রিঃ তারিখে ০৪(চার) বছর মেয়াদে এফ ডি আর করা হয়।	ড. খান শহীদুল হক, সিএসও অবসর প্রাপ্ত এর আনুতোষিক বিল প্রদানের সময়ে সিপিএফ এর অর্থের ক্ষতি পূরণ বাবদ টাকা ৫,৯৯,৬১৪/= (পাঁচ লক্ষ নিরানব্বই হাজার ছয়শত চৌদ্দ মাত্র) কেটে রেখে অবশিষ্ট টাকা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সদস্য- সচিব ট্রাস্টি বোর্ড/ হিসাব রক্ষণ কর্মকর্তা



